

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০০৮.১৮.১২৩

তারিখ: ২৬ চৈত্র ১৪২৪  
০৯ এপ্রিল ২০১৮

বিষয়: টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে  
বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-১৮/৩৮ তারিখ: ১২.০৩.২০১৮ খ্রি.  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪  
তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: আলমগীর ফেরদৌস এম.এ ডিগ্রিধারী একজন ব্যক্তি। তিনি (জনাব মো: আলমগীর ফেরদৌস) গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকেন, শিক্ষার্থীদের খেলাধুলার সামগ্রী ক্রয় করে দেন, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে পুরস্কারের ব্যবস্থা করে থাকেন এবং মাদরাসার উন্নয়ন কাজে আর্থিক ভাবে সহায়তা প্রদান করে থাকেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মো: আলমগীর ফেরদৌস) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।  
(খ) তাঁর (জনাব মো: আলমগীর ফেরদৌস) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: আলমগীর ফেরদৌস, পিতা: মৃত-এস, এম আজহারুল ইসলাম, গ্রাম: প্রতিমা বংকী, ডাক: সখিপুর, উপজেলা: সখিপুর, জেলা: টাঙ্গাইল -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

১৮-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক  
ফোন: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ

প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসা ডাক: সখিপুর,  
উপজেলা: সখিপুর, জেলা: টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০০৮.১৮.১২৩/১(৪)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৪  
০৯ এপ্রিল ২০১৮


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩) সভাপতি, প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদরাসা ডাক: সখিপুর, উপজেলা: সখিপুর, জেলা: টাঙ্গাইল।

৪) জনাব মো: আলমগীর ফেরদৌস, পিতা: মৃত-এস,এম আজহারুল ইসলাম, গ্রাম: প্রতিমাবংকী, ডাক: সখিপুর, উপজেলা: সখিপুর, জেলা: টাঙ্গাইল।



১৮-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক